

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৫৭৯ ২৪/ বিবাহ ও দাম্পত্য পরিচ্ছেদঃ দাওয়াত গ্রহণ

## আরবী

عَنْ أَبِيْ سَعِيْدِ الْخُدْرِيْ أَنَّهُ صَنَعْتُ لِرَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَ سَلَّمَ وَأَصْحَابُهُ طَعَامًا فَدَعَاهُمْ فَلَمَّا دَخَلُوْا وَضَعَ الطُّعَامُ فَقَالَ رَجُلُ مِّنَ الْقَوْمِ إِنِّي صَائِمٌ فَقَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَ سَلَّمَ دَعَاكُمْ أَخُوْكُمْ وَتَكَلَّفَ لَكُمْ ثُمَّ تَقُوْلُ إِنِّي صَائِمٌ أَفْطَرَ ثُمَّ صَمْ يَوْمًا مَكَانَهُ إِنْ شِئْتَ رواه البيهقي بإسناد حسن

## বাংলা

(২৫৭৯) আবূ সাঈদ খুদরী (রাঃ) বলেন, একদা আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য খাবার তৈরী করলাম। তিনি তাঁর অন্যান্য সহচর-সহ আমার বাড়িতে এলেন। অতঃপর যখন খাবার সামনে রাখা হল, তখন দলের মধ্যে একজন বলল, 'আমার রোযা আছে।' তা শুনে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমাদের ভাই তোমাদেরকে দাওয়াত দিয়ে খরচ (বা কন্ট) করেছে। অতঃপর তিনি তার উদ্দেশ্যে বললেন, ''রোযা ভেঙ্গে দাও। আর চাইলে তার বিনিময়ে অন্য একদিন রোযা রাখ।

## ফুটনোট

(বাইহাকী ৪/২৭৯, ত্বাবারানীর আওসাত্ব ৩২৪০, ইরওয়াউল গালীল ৭/১২পৃ.)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন